

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৮৫

8২/ জাহান্নামের বিবরণ (ৠ كتاب صفة جهنم عن رسول الله

পরিচ্ছেদঃ জাহান্নামীদের পানীয়।

بَابُ مَا جَاءَ فِي صِفَةِ شَرَابِ أَهْلِ النَّارِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، أَخْبَرَنَا رِشْدِينُ بْنُ سَعْد، حَدَّثَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ، عَنْ دَرَّاجٍ، عَنْ أَبِي الْهَيْثَم، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: (كَالْمُهْلِ) كَعَكَرِ الزَّيْتِ فَإِذَا قُرِّبَ إِلَيْهِ سَقَطَتْ فَرْوَةُ وَجْهِهِ فِيهِ ". وَبِهَذَا الإِسْنَادِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ "لِسُرَادِقِ النَّارِ أَرْبَعَةُ جُدُرٍ كِتَفُ كُلِّ جَدَار مِثْلُ مَسِيرَةِ أَرْبَعِينَ سَنَةً ".

وَبِهَذَا الإِسْنَادِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لَوْ أَنَّ دَلْوًا مِنْ غَسَّاقٍ يُهَرَاقُ فِي الدُّنْيَا لأَنْتَنَ أَهْلُ الدُّنْيَا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ رِشْدِينَ بْنِ سَعْدٍ وَفِي رِشْدِينَ مَقَالٌ وَقَدْ تُكُلِّمَ فِيهِ مِنْ قِبَلِ حِفْظِهِ

বাংলা

২৫৮৫. সুওয়ায়দ ইবন নাসর (রহঃ) আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামاكَانُمُهُلِالَانَ) গলিত ধাতুর ন্যায়-প্রসঙ্গে বলেছেনঃ এ হল তেলের তলানী। তা যখন তার মুখের কাছে নেওয়া হবে তখন তার মুখের চামড়া তাতে গলে পড়ে যাবে। যঈফ।

এই সনদেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ জাহান্নামের আবেষ্টনী হল চারিটি দেয়ালের। প্রতিটি দেয়ালের ঘনত্ব হল চল্লিশ বছরের পথ। যঈফ, মিশকাত ৫৬৮১, তা'লীকুর রাগিব ৪/২৩১

এই সনদে আরো বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ জাহান্নামীদের গলিত পুঁজের এক বালতিও যদি দুনিয়ায় ঢেলে দেওয়া হত তবে সারা পৃথিবীই দুর্গন্ধময় হয়ে যেত। যঈফ, মিশকাত ৫৬৮২, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৮৪ [আল মাদানী প্রকাশনী]



এই হাদীসটি কেবল রিশদ্বীন ইবন সা'দ (রহঃ) এর রিওয়ায়ত হিসাবেই আমরা জানি। রিশদ্বীন ইবন সা'দ (রহঃ) হাদীস বিশেষজ্ঞগণের কাছে সমালোচিত ব্যক্তি। তার স্মরণশাক্তির সমালোচনা করা হয়েছে।

English

Abu Sa'eed Al-Khudri narrated that about:

Kal Muhl, the Prophet (s.a.w)said: "Like boiling oil, such that whenever it is brought near him the skin of his face falls into it."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন